



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড  
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED  
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Office of the GM (ICT/ Technical)  
ICT, Energy & Metering  
House # 47, Road # 135  
Gulshan-1 Dhaka-1212.  
Phone: 9882800, Fax:9881245

স্মারক নং: ৮৭.৫১৪.৪২৬.০০.০০.০০০.২০২০.১৯৪

তারিখ: ২৫.০২.২০ খ্রি.

### ইনোভেশন কমিটির সভার কার্য বিবরণী

মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে আইসিটি, এনার্জি এন্ড মিটারিং দপ্তরের কনফারেন্স রুমে (বাড়ী ৪৭, রোড ১৩৫, গুলশান-১, ঢাকা) ১৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখ সকাল ০৯.৩০ টায় ডিপিডিসি'র ইনোভেশন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

০১. জনাব মোহাম্মদ মহিউল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি।
০২. জনাব মো. শাহেদ বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, মিটারিং (সিউথ), ডিপিডিসি।
০৩. জনাব মোহাম্মদ সাইফুল আমিন, নির্বাহী প্রকৌশলী, স্টোর ম্যানেজমেন্ট, রেভিনিউ, ডিপিডিসি।
০৪. জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৫. জনাব মো. আরাফাত ইমতিয়াজ, উপ-ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৬. জনাব মো. শাকিল মিয়া উপ-ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৭. জনাব মো. তানভীর আহমেদ, জুনিয়র সহকারী ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি।
০৮. জনাব মো: রতন, জুনিয়র সহকারী ব্যবস্থাপক (এইচ আর), পাবলিক রিলেশন, ডিপিডিসি।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ডিপিডিসি'র ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনার বিষয় বস্তু	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০১.	২০১৯-২০২০ বৎসরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি	ক। উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে আগামী এপ্রিল, ২০২০ এর মধ্যে দেশের অন্যান্য বিদ্যুৎ বিতরণ সংস্থায় অথবা বিশ্ববিদ্যালয়ে নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার জন্য মার্চ, ২০২০ এর মধ্যে একটি প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খ। মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০১৯-২০২০ সালের উদ্ভাবন কর্মপরিকল্পনার ৯.৩ নং কার্যক্রমের নির্দেশনা মোতাবেক উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে ইন্সপেকশন অথবা প্রশিক্ষণে প্রেরণ করার জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি বরাবর একটি প্রস্তাব প্রেরণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।

*Maan*

